

Ripon
২৪



মঙ্গলবার বইমেলায় আসা কয়েকটি বইয়ের প্রচ্ছদ

-জনকণ্ঠ

প্রচুর নতুন বই, মোড়ক উন্মোচনে বিপুল উদ্দীপনা, বাংলা একাডেমী পুরস্কার ঘোষণা

আশীষ-উর-রহমান শুভ

আজ প্রভাতফেরি নিয়ে শহীদ মিনারে যাবার দিন, মাতৃভাষার মর্যাদা প্রতিষ্ঠায় নিঃশেষে প্রাণ দান করে যারা অমর হয়ে আছেন তাঁদের প্রতি শ্রদ্ধা ও ভালবাসা নিবেদনের দিন, আজ আমাদের চিরপৌরবের শহীদ দিবস। গত মধ্যরাত থেকেই শহীদ মিনারে নেমেছে গণমানুষের ঢল। আজ অমর একুশের ঐচ্ছমেলাতেও হবে সর্বস্তরের মানুষের মহাসমারোহ। মঙ্গলবারেও এছানুরাঙ্গীদের বিপুল সমাগম ঘটে মেলায়। মেলামঞ্চে ঘোষণা করা হয়েছে ২০০৬ সালের বাংলা একাডেমী পুরস্কারপ্রাপ্ত কবি-সাহিত্যিকদের নাম। এদিন নতুন বইও এসেছে প্রচুর, নজরুল মঞ্চে মোড়ক উন্মোচনের ভিড়ও ছিল অন্যান্য দিনের চেয়ে বেশি।

বাংলা একাডেমী পুরস্কার ২০০৬ মেলামঞ্চে একাডেমীর ভারপ্রাপ্ত মহাপরিচালক মঈনুল হাসান ২০০৬ সালের বাংলা একাডেমী পুরস্কারপ্রাপ্ত লেখকদের নাম ঘোষণা করেন। পুরস্কারপ্রাপ্তরা হলেন কবিতায় শামসুল ইসলাম,

উপন্যাসে হরিপদ দত্ত, প্রবন্ধে-আশী আলোয়ার, বিজ্ঞানে মুহম্মদ ইব্রাহীম, নাটকে মান্নান হীরা এবং শিশুসাহিত্যে আমীরুল ইসলাম। আগামী ২৭ ফেব্রুয়ারি বিকালে আনুষ্ঠানিকভাবে পুরস্কার দেয়া হবে। এই পুরস্কারের অর্থমান ৫০ হাজার টাকা এবং এর সঙ্গে একাডেমীর মনোমামা খচিত ক্রেস্ট ও সনদপত্র দেয়া হবে।

মোড়ক উন্মোচন ৪ নজরুল মঞ্চে এদিন চয়ন সাহিত্য ক্লাবের নিয়মিত ৬০তম অধিবেশন উপলক্ষে ২০টি

একুশের বইমেলা

নতুন বইয়ের মোড়ক উন্মোচন করা হয়। উল্লেখযোগ্য বইগুলোর মধ্যে ছিল চয়ন প্রকাশনী থেকে প্রকাশিত-ওয়ালিম হকের অল্পকথার গল্প এবং কবি নিলি হক সম্পাদিত প্রেমের কাবিতার সঙ্কলন- 'ভালোবাসতে এসো'র মোড়ক উন্মোচন করেন বিশিষ্ট সাংবাদিক দৈনিক জনকণ্ঠের নির্বাহী সম্পাদক বোরহান আহমেদ।

(১১- পৃষ্ঠা ২-এর কঃ দেউন)

প্রচুর নতুন বই

(১২-এর পাতার পর)

ড. আশরাফ সিদ্দিকীর শোকসংস্কৃতি বিষয়ক প্রবন্ধ- 'বাংলার মুখ'-এর মোড়ক উন্মোচন করেন চৌধুরী হাবিবুর রহমান, শিল্পি হক সম্পাদিত কাব্য 'মল্লিকা বনে'র মোড়ক উন্মোচন করেন কবি আসাদ চৌধুরী। প্রতিবন্ধী কবি এম. জাহিদুল হাসানের ছড়া 'ছন্দে ছন্দে শিখবে অনেক'-এর মোড়ক উন্মোচন করেন অধ্যাপিকা হাজেরা নজরুল। শিল্পী নমিতা ঘোষ, পারু পারভীনের কবিতা 'ঘুড়ি' এবং কাজী রফিকুল হকের কবিতা 'ভালোবাসার তরঙ্গ'-এর মোড়ক উন্মোচন করেন। শাজাহান চক্কলের কাব্য 'অরুন্ধতী মেঘ'-এর মোড়ক উন্মোচন করেন শিল্পি হক। মোহাম্মদ এমদাদুল হকের 'বাংলাদেশ ও সাত বীরশ্রেষ্ঠের কথা'র মোড়ক উন্মোচন করেন বীরশ্রেষ্ঠ মতিউর-রহমানের স্ত্রী মিলি রহমান। কবি সোহেল রামহান, মোড়ক উন্মোচন করেন আবদুর রহমান রকিবের কাব্য 'বুকের গভীরে আন্তন'-এর। তরুণ কবি ও টিভি অনুষ্ঠান নির্মাতা রাজু আলীমের কাব্য 'দুরন্ত পাখির ঘ্রাণ'-এর মোড়ক উন্মোচন করেন কবি নাসির আহমেদ, কথাসাহিত্যিক আনিসুল হক।

রোকসানা লেইসের কাব্য-চন্দ্রিমায় নীল জল'-এর মোড়ক উন্মোচন করেন সব্যাসাচী লেখক সৈয়দ শামসুল হক। বরণ চক্রবর্তীর দু'টি বই ৪ এবারের বইমেলায় একটি উল্লেখযোগ্য ভ্রমণ কাহিনী পাঠকদের উপহার দিয়েছেন অধ্যাপক বরণ চক্রবর্তী। 'ডেনাস লাভের ও অনুপূর্ণার দেশ' নামের এই সচিত্র ভ্রমণ কাহিনী প্রকাশ করেছে অন্যপ্রকাশ। ইউরোপ, আমেরিকা ও এশিয়ার উল্লেখযোগ্য দর্শনীয় স্থানের বিবরণ এবং তার সঙ্গে লেখকের ব্যক্তিগত অভিজ্ঞতা পাঠকদের নানান তথ্য প্রদানের পাশাপাশি সাহিত্যরসাবাদনের অনন্দ দেবে। ভ্রমণ কাহিনী ছাড়াও অবসর থেকে প্রকাশিত হয়েছে তাঁর উপন্যাস- 'পুরুষোত্তম প্রিয়'। এটি একটি নিটোল প্রেমের উপন্যাস, স্বপ্ন ও বাস্তবতার টানাপোড়নে মানুষের জীবনকে কীভাবে প্রভাবিত করে তারই আখ্যান এই উপন্যাস। অধ্যাপক বরণ চক্রবর্তী বিজ্ঞানের ছাত্র হলেও দীর্ঘ দুই যুগ থেকে তিনি সৃজনশীল সাহিত্যের চর্চা করে আসছেন। ইতোপূর্বে প্রকাশিত তাঁর উপন্যাস-উপদশ ও গল্পসংগ্রহ লুসিয়ানা বিদগ্ধ মহলের প্রশংসা লাভ করেছে। বরাবরই তিনি বিজ্ঞানের সঙ্গে সাহিত্যের একটি সমন্বয় সাধনের চেষ্টা করেন তাঁর রচনায়। বিজ্ঞানবিষয়ক তাঁর বহু গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়েছে আমেরিকা, নিউজিল্যান্ড, আর্জেন্টিনা, অস্ট্রেলিয়া, সিঙ্গাপুরসহ বিশ্বের বিভিন্ন দেশের বিখ্যাত জার্নালে।

শেখ হাসিনার সাদাকালো ৪ আগামী প্রকাশনী থেকে প্রকাশিত হয়েছে বাংলাদেশ আওয়ামী লীগের সভানেত্রী জননেত্রী শেখ হাসিনার প্রবন্ধ 'সাদা কাগো'। বইটিতে প্রবন্ধ রয়েছে সাতটি। দেশের সমকালীন রাজনৈতিক পরিস্থিতি, ব্যক্তিগত অভিজ্ঞতা, ছাত্রী জীবনের স্মৃতি, প্রবাসস্থলে বিভিন্ন বিষয় উঠে এসেছে তাঁর প্রবন্ধে। সুধা সন্দনে মঙ্গলবার প্রকাশক ওসমান গনি নেত্রীর হাতে বইটি হস্তান্তর করেন।

নতুন বই ৪ তথ্য কেন্দ্রের দেয়া হিসাব মোতাবেক এদিনে নতুন বই প্রকাশিত হয়েছে ৭১টি। মেলায় উল্লেখযোগ্য বইগুলোর মধ্যে ছিল বাংলা প্রকাশনী থেকে প্রকাশিত, মোহাম্মদ শাহজাহান ও মোঃ মতিউর রহমান সম্পাদিত ড. ইউনুসের নোবেল জয়-নতুন উচ্চতায় বাংলাদেশ। আগামী থেকে প্রকাশিত এবিএম রিয়াডুল কবীর কাওছারের বাংলাদেশ নির্বাচন : নির্বাচনী আইন, তথ্য ও ফলাফল। এই গ্রন্থে ১৯৪৭ থেকে ২০০৬ সাল পর্যন্ত জাতীয় সংসদ, সিটি কর্পোরেশন, উপজেলা, পৌরসভা ও ইউনিয়ন পরিষদের নির্বাচনী ফলসহ নির্বাচনী বিপুল তথ্য সন্নিবেশিত হয়েছে। নতুন বইয়ের মধ্যে আরও আছে-মেজর জেনারেল (অব) সুবিদ আলী ডুইয়ার আমি কেন স্বাধীনতার ঘোষক নই। শেখ আনোয়ারের 'আগামীর মানুষ', রিদওয়ান আজমের ঢাকার কোচোয়ানরা কে কোথায়, রানা জামানের মুক্তিযুদ্ধের কিশোরগঞ্জ-১৯৭১, বিশ্বদাস বড়ুয়ার সুনামি, বাঘ ও মুক্তিযোদ্ধার গল্প। আজ অমর একুশের দিনে মেলা পরিণত হবে অগণিত মানুষের মিলনমেলায়।